

ইতিহাস (HISTORY)

শিখন নকশা (LEARNING DESIGN)

স্কুলের নাম:- x x	বিষয়:- ইতিহাস
শ্রেণী :- VI	একক :- হরপ্পা সভ্যতা
সময় :- ৪০ মিনিট	উপত্রকক:- ১) সভ্যতার আবিষ্কার, বিস্তার এবং নগর পরিকল্পনা ।
তারিখ :- XX/XX/XXXX	২) সামাজিক ও অর্থনৈতিক জীবন
শিক্ষিকার নাম :- x x	৩) ধর্মীয় ব্যবস্থা ও পতন ।
	আজকের পাঠ :- উপত্রকক ১) সভ্যতার আবিষ্কার, বিস্তার ও নগর পরিকল্পনা ।

শিখনের লক্ষ্য/উদ্দেশ্য

স্মরণ করা	<ul style="list-style-type: none">শিক্ষার্থীরা সভ্যতার সময়সীমা স্মরণ করতে পারবে । (তথ্যগত জ্ঞান)শিক্ষার্থীরা হরপ্পা সভ্যতার বিকাশ ব্রোঞ্জ যুগে হয়েছিল তা বলতে পারবে, (তথ্যগত জ্ঞান)শিক্ষার্থীরা সিদ্ধু সভ্যতার নগর পরিকল্পনার নিদর্শনগুলি চিহ্নিত করতে পারবে । (তথ্যগত জ্ঞান)সভ্যতা বিস্তারের কেন্দ্রগুলি চিহ্নিত করতে পারবে । (তথ্যগত জ্ঞান)শিক্ষার্থীরা কেন্দ্রগুলির ব্যবহারের সামগ্রীর সমতা দেখে ধারণা করতে পারবে যে এটি একই সভ্যতার নিদর্শন । (ধারণাগত জ্ঞান)
অনুধাবন করা	<ul style="list-style-type: none">শিক্ষার্থীরা সিদ্ধুসভ্যতাকে কেন হরপ্পা সভ্যতা বলে তার ব্যাখ্যা করতে পারবে । (ধারণাগত জ্ঞান)শিক্ষার্থীরা হরপ্পা সভ্যতার সঙ্গে অন্য ব্রোঞ্জযুগের সভ্যতার তুলনা করতে পারবে । (ধারণাগত জ্ঞান)শিক্ষার্থীরা ম্লানাগার ও শস্য ভান্ডার স্থাপনের কারণ নির্ণয় করতে পারবে । (ধারণাগত জ্ঞান)
প্রয়োগ করা	<ul style="list-style-type: none">শিক্ষার্থীরা সিদ্ধুসভ্যতাকে কেন নগর কেন্দ্রিক সভ্যতা বলে তার কারণগুলি নির্ণয় করতে পারবে । (ধারণাগত জ্ঞান)শিক্ষার্থীরা সিদ্ধুসভ্যতার নিদর্শনগুলি সংগঠন করতে পারবে এবং তার ব্যবহারিক প্রয়োগগুলি চিহ্নিত করতে পারবে । (পদ্ধতিগত জ্ঞান)
বিশ্লেষণ করা	<ul style="list-style-type: none">শিক্ষার্থীরা নগর পরিকল্পনার বৈশিষ্ট্যগুলি সমীক্ষা করতে সক্ষম হবে । (পদ্ধতিগত জ্ঞান) ।শিক্ষার্থীরা ধারণা গঠন করতে পারবে যে উন্নত নিকাশি ব্যবস্থা হরপ্পা সভ্যতার নগর পরিকল্পনার একটি অভিন্ন অঙ্গ (তথ্যগত জ্ঞান)

মূল্যায়ণ করা	<ul style="list-style-type: none"> ● স্নানাগারের ব্যবহার যে ধর্মীয় কারণে সংঘটিত হত তা শিক্ষার্থীরা মূল্যায়ণ করতে পারবে। (ধারণাগত জ্ঞান) ● শিক্ষার্থীরা হরপ্পা সভ্যতার এবং মেসোপটেমিয়া সভ্যতার সম্পর্ক যুক্তি দিয়ে বিচার করতে পারবে। (ধারণাগত জ্ঞান)
সৃজন করা	<ul style="list-style-type: none"> ● শিক্ষার্থীরা একটি মজবুত সংগঠনের ভিত্তিগুণ গঠন করতে পারবে। (পদ্ধতিগত জ্ঞান) ● শিক্ষার্থীরা তাদের নিজস্ব বিদ্যালয়ে শিক্ষার্থী সায়ন্ত শাসন স্থাপন করতে আগ্রহী হবে। (অধিজ্ঞান) ● শিক্ষার্থীরা হরপ্পা সভ্যতার সময়সীমা ধার্য করে একটি সময় তালিকা প্রস্তুত করতে পারবে। (তথ্যগত জ্ঞান)

পাঠের প্রেক্ষিতে শিক্ষার্থীর বিশ্লেষণ :-

বর্তমান পাঠের প্রেক্ষিতে শিক্ষার্থীদের সাধারণ বৈশিষ্ট্যাবলী এবং প্রারম্ভিক আচরণ সুনিশ্চিত করার জন্য নিম্নরূপ প্রশ্নগুলি করা হবে।

- ১) প্রাচীন মানবের খাবার সংগ্রহের পদ্ধতি কি ছিল ?
- ২) সভ্যতা বলতে তোমরা কি বোঝ ?
- ৩) সভ্য সমাজের তিনটি বৈশিষ্ট্য নির্ধারণ কর।

শিখন সহায়ক উপকরণের প্রস্তুতি ও নির্বাচন :-

- * সাধারণ উপকরণ - চক, ডাস্টার, ব্ল্যাকবোর্ড এবং পাঠ্যপুস্তক (বোর্ডের নির্বাচন করা)
- বিশেষ উপকরণ :- ৪০০০ খ্রীষ্টপূর্বাব্দ থেকে ১০০০ খ্রীঃপূর্বাব্দ সময়কালীন একটি সময় তালিকা।
- * হরপ্পা সভ্যতার বিস্তারের একটি মানচিত্র।
- * বিভিন্ন উপাদান সমূহের ছবিযুক্ত একটি চিত্রতালিকা।

শিখন কৌশল

শিখন ক্ষেত্র	প্রাসঙ্গিক কৌশল
প্রথম পর্যায় সভ্যতার আবিষ্কার	আলোচনা পদ্ধতি এবং ব্ল্যাক বোর্ডে লিখনের সহযোগে শিক্ষার্থীদের উপস্থাপিত করা হবে।
দ্বিতীয় পর্যায় সভ্যতার বিস্তার	প্রশ্ন-উত্তর পদ্ধতি অবলম্বন করা হবে এবং মানচিত্রের সহযোগে এই অংশটি শিক্ষার্থীদের সামনে তুলে ধরা হবে।
তৃতীয় পর্যায় সভ্যতার নিদর্শনগুলি	চিত্রতালিকার সহযোগে এবং আলোচনা পদ্ধতির মাধ্যমে শিক্ষার্থীদের বোধগম্য করা হবে।
চতুর্থ পর্যায় নগর পরিকল্পনা	শিক্ষার্থীরা নগর পরিকল্পনার ধারণা ICT-র উপযুক্ত প্রতিপাদনের ব্যবহারের সাহায্যে সংগঠন করতে পারবে।

মূল্যায়নের নকশা

কাজের পাতা - পাঠ্য শেবে শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য নিম্নলিখিত প্রশ্নগুলি করা হবে

১) হরপ্পা সভ্যতার আর একটি নাম কি ? (তথ্যগত স্মরণ)

২) হরপ্পা সভ্যতার দুটি উল্লেখযোগ্য নিদর্শনের নাম কি ? (তথ্যগত স্মরণ)

৩) হরপ্পা সভ্যতা কোন কোন জায়গায় বিস্তার লাভ করেছিল ?
(তথ্যগত স্মরণ)

৪) শস্যভান্ডারের উপযুক্ত ব্যবহার কি ছিল ? (ধারণাগত স্মরণ)

দুর্বলতা নির্ণয় (সংশোধনী পাঠের প্রয়োজনে)

⦿⦿⦿⦿⦿⦿